রিফাত হত্যায় ব্যবহৃত রামদা উদ্ধার, গ্রেপ্তার আরো ১

বরগুনায় রিফাত শরীফকে কুপিয়ে হত্যায় ব্যবহৃত একটি রামদা উদ্ধার করেছে পুলিশ। আজ (সোমবার) সকাল সাড়ে ৯টায় বরগুনার সরকারি কলেজ ক্যান্টিনের পূর্ব পাশের ডোবা থেকে রামদাটি উদ্ধার করা হয়। এই রামদাটি দিয়েই প্রকাশ্য দিবালোকে রিফাত শরীফকে কুপিয়ে হত্যা করে রিফাত ফরাজীসহ অন্যরা।

মামলার তদন্ত কর্মকর্তা বরগুনা থানার পরিদর্শক (তদন্ত) মো. হুমায়ুন কবির জানিয়েছেন, সকালে রিফাত ফরাজীকে সাথে নিয়ে তার দেখানো ডোবা থেকে রামদাটি উদ্ধার করা হয়েছে। তিনি আরো জানিয়েছেন, আজ (সোমবার) ভোররাত সাড়ে ৪টার দিকে রিফাত শরীফ হত্যার সাথে জড়িত থাকার অভিযোগে আরিয়ান শ্রাবণ নামে আরো একজনকে গ্রেপ্তার করা হয়েছে। তার বাসা বরগুনার বাজার সড়কে। তার বাবার নাম ইউনুস সোহাগ।

এখন পর্যন্ত এ মামলায় ১১ জনকে গ্রেপ্তার করেছে পুলিশ। প্রধান আসামি নয়ন বন্ড মঙ্গলবার ভোররাতে পুলিশের সাথে বন্দুকযুদ্ধে নিহত হয়। এখন পর্যন্ত এজাহারভূক্ত তিনজনসহ মোট ছয়জন হত্যার সাথে জড়িত থাকার কথা স্বীকার করে ১৬৪ ধারায় জবানবন্দি দিয়েছে। বাকি চারজনকে রিমান্ডে নিয়ে জিজ্ঞাসাবাদ করছে পুলিশ।